

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং -০৫

তারিখ : ১৬ জুলাই ২০১২  
০১ শ্রাবণ ১৪১৯

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক-কোম্পানী এবং বিশেষায়িত ব্যাংক।

প্রিয় মহোদয়,

বিলাসবহুল যানবাহন ও আড়ম্বরপূর্ণ সাজসজ্জায় উচ্চব্যয় পরিহার।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-১৭, তারিখ ১৭ আগস্ট ২০০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো। উক্ত সার্কুলার লেটার এর 'ক' অনুচ্ছেদে উল্লেখিত ব্যাংক-কোম্পানীর অর্থে জীপের ক্রয়মূল্যের উর্ধসীমা যৌক্তিকীকরণের নিমিত্তে 'ক' অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনাটি নিম্নোক্তভাবে প্রতিস্থাপন করা হলো :

“ক) ৩৫.০০ লক্ষ টাকার অধিক মূল্যের মোটরকার বা ৫০.০০ লক্ষ টাকার অধিক মূল্যের জীপ ব্যাংক-কোম্পানীর অর্থে ক্রয় করা যাবে না। তবে, রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান মেসার্স প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ এর নিকট হতে জীপ ক্রয়ের ক্ষেত্রে ৮৫.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল্যমানের জীপ ক্রয় করা যাবে।”

ইতোপূর্বে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৮, তারিখ ০৬ ডিসেম্বর ২০০৯ এতদপ্রেক্ষিতে বাতিল করা হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(কে.এম. আব্দুল ওয়ায়দুদ)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১১৭৮২৫।